তারিখ 05 AUG 2016
পৃষ্ঠা ২ য় কলাম ৬

কালের কণ্ঠ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

# ভেটেরিনারি শিক্ষার্থীদের মানববন্ধন

বাকৃবি প্রতিনিধি ▷

নন-ভেটেরিনারিয়ানদের শিক্ষা কার্যক্রমে চিকিৎসা কোর্সগুলো অন্তর্ভুক্তির চেষ্টার প্রতিবাদে মানববন্ধন করেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা।

ভেটেরিনারি ছাত্র সমিতির আয়োজনে বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের শিল্পাচার্য জয়নুল আবেদিন মিলনায়তনের সামনে এ মানববন্ধন করা হয়। শিক্ষার্থীরা বলেন, বিশ্ববিদ্যালয়ের কিছু স্বার্থান্বেষী মহল নন-ভেটেরিনারিয়ানদের শিক্ষা কার্যক্রমে ভেটেরিনারির চিকিৎসা কোর্সগুলো অন্তর্ভুক্ত করার ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। প্রাণিসম্পদ সেক্টরে নতুন করে বিশৃঙ্খলা সৃষ্টির মাধ্যমে এই সেক্টরটিকে চূড়ান্ত ধ্বংসের দিকে ঠেলে দিচ্ছেন বলেও অভিযোগ করেন তাঁরা।